কানাইঘাটে মীনা দিবস উপলক্ষ্যে বর্ণাঢ্য র্যালী ও পুরষ্কার বিতরণ

কানাইঘাট প্রতিনিধিঃ “নিরাপদ ও আনন্দময় পরিবেশে মানসম্মত শিক্ষা” এই প্রতিপাদ্যকে সামনে রেখে সারাদেশের ন্যায় কানাইঘাটে মীনা দিবস-২০২২ উপলক্ষ্যে বর্ণাঢ্য র্যালী, আলোচনা সভা ও পুরষ্কার বিতরণ অনুষ্ঠান সম্পন্ন হয়েছে।
এ উপলক্ষ্যে আজ শনিবার সকাল উপজেলা শিক্ষা অফিসের আয়োজনে সাড়ে ১১টায় উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ের সামনে থেকে বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী ও সরকারি কর্মকর্তাদের অংশগ্রহণে বর্ণাঢ্য র্যালী বের হয়। র্যালী পরবর্তী উপজেলা পরিষদ মিলনায়তনে মীনা দিবসের আলোচনা সভা ও কোমলমতি শিক্ষার্থীদের মধ্যে পুরষ্কার বিতরণের আয়োজন করা হয়।
উপজেলা নির্বাহী কর্মকর্তা সুমন্ত ব্যানার্জির সভাপতিত্বে ও শিক্ষক জাহেদ হোসেন রাহিনের পরিচালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তরিকুল ইসলাম, উপজেলা ভারপ্রাপ্ত শিক্ষা কর্মকর্তা গোপাল সূত্রধর, কানাইঘাট প্রেসক্লাবের সাধারণ সম্পাদক নিজাম উদ্দিন, বায়মপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হালিমা বেগম, চরিপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুর রহিম, তালবাড়ী খালপার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হেলাল আহমদ, ফাটাহিজল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শাহিন আহমদ, শিবনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নুরুল ইসলাম সহ বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ।
সভাপতির বক্তব্যে নির্বাহী কর্মকর্তা সুমন্ত ব্যানার্জি বলেন, কোমলমতি শিক্ষার্থীদের স্বাস্থ্য সুরক্ষা, শিক্ষার প্রতি আগ্রহ সৃষ্টি, সচেতনতা, বাল্য বিবাহ প্রতিরোধ, কুসংস্কার পরিহার, মূল্যবোধকে জাগ্রত করার জন্য মীনা কার্টুন সমাজ সচেতনতা গড়তে সক্ষম হয়েছে। তাই সরকার প্রতি বছরে ২৪ সেপ্টেম্বর মীনা দিবস হিসেবে ঘোষণা করেছে। যাতে করে এ দিবসে কোমলমতি শিক্ষার্থীরা নির্মল আনন্দ-উদ্যাপন করতে পারে। তিনি কানাইঘাটের প্রতিটি প্রাথমিক বিদ্যালয় সহ সমমনা প্রতিষ্ঠানের শিক্ষকদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, স্কুলে পাঠদানের পাশাপাশি শিশু শিক্ষার্থীরা যাতে

করে নির্মল আনন্দ করতে পারে এজন্য খেলাধূলা ও সাংস্কৃতিক কার্যক্রম আরো বাড়ানোর জন্য আহ্বান জানান। অনুষ্ঠান শেষে কোমলমতি শিক্ষার্থীদের মধ্যে পুরষ্কার তুলে দেন অতিথিবৃন্দ।